PATERSON PUBLIC SCHOOLS

Preparing All Children for College and Career
Together We Can

# সোশ্যাল মিডিয়া, যৌন বার্তা পাঠানো ও সাইবার উৎপীড়নের বিপদগুলির প্রতি একটি সূত্র নির্দেশক



আজকের দিনে আমাদের বেশিরভাগ শিক্ষার্থীই তাদের জীবনের প্রায় প্রতিটি জায়গায় ইন্টারনেট ও সোশ্যাল মিডিয়া ব্যবহার করে। ইন্টারনেট, মোবাইল ফোন, কম্পিউটার ও সোশ্যাল মিডিয়া যোগাযোগের সুপরিচিত উপায় এবং এগুলি তাদের দৈনন্দিন কার্যকলাপে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। যেখানে ইন্টারনেট তথ্য পাওয়া সহজ করে এবং শেখার প্রক্রিয়ায় এটির অনেক ইতিবাচক বৈশিষ্ট্য রয়েছে, এর সঙ্গে কিছু বিপদও রয়েছে। আমাদের শিক্ষার্থীদের সকলকে সুরক্ষিত রাখতে এইসব সম্ভাব্য বিপদ এবং একটি কমিউনিটি হিসেবে আমাদের যে সকল পদক্ষেপ নেওয়ার প্রয়োজন, সেসম্পর্কে সমস্ত অংশীদারগণের সচেতন থাকা জরুরি।

একটি স্কুল ডিসট্রিক্ট হিসেবে আমরা সাইবার উৎপীড়ন, ডিজিটাল গুণ্ডামি ও যৌন বার্তা পাঠানো বিষয়ক ঘটনার সংখ্যা বাড়তে দেখেছি। এই ধরণের কাজকর্মে জড়িত সকলের উপর এর প্রভাব সম্পর্কে আমরা খুব বেশিরকম চিন্তিত, বিশেষ করে এই কারণে যে এতে আমাদের সন্তানেরা জড়িত। প্রতিটি ঘটনা গুরুত্ব সহকারে দেখা হয় এবং ডিসট্রিক্টের নির্দেশিকা অনুসারে তদন্ত করা হয়। ইন্টারনেট ও সেল ফোনের ক্ষেত্রে আমাদের অন্যতম চ্যালেঞ্জ হল এই যে এই ক্ষেত্রে অজ্ঞাতনামে যোগাযোগ করা যায়। বিভিন্ন সোশ্যাল মিডিয়ার মঞ্চে মানুষকে উত্যক্ত, উৎপীড়ন, হয়রান করার ও ভয় দেখানোর সুযোগ করে দিতে ব্যবহারকারীকে নকল প্রোফাইল ও পরিচিতি তৈরি করতে দেয়।

> "আমরা শিশুদেরকে তারা **অনলাইনে যা পোস্ট করবে** সেসম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার বিষয়ে **মনোযোগী** করতে পারি, সেটা পিতামাতা ও শিক্ষাব্রতী হিসেবে সৎকর্মই করা হবে।"

সকল অংশীদারকে অন্তর্ভুক্ত করতে আমি অনুরোধ করেছি যে একটি কার্যনির্বাহী দল তৈরি করা হোক যা এই সমস্যাগুলির প্রতি লক্ষ্য রাখবে, বিশেষ করে যেহেতু এর সঙ্গে "যৌন বার্তা পাঠানো" জড়িত। এই নির্দেশিকার মধ্যেকার তথ্য হল যৌন বার্তা পাঠানোর পরিণতি ও বিপদ সম্পর্কে সামগ্রিকভাবে শিক্ষার্থী, পিতামাতা ও শিক্ষাব্রতীদের এবং কমিউনিটিকে তথ্য প্রদান করার একটি সূত্র। প্যাটারসন পাবলিক স্কুল ডিসট্রিক্ট আমাদের শিক্ষার্থীদের উৎকর্ষ ও সমৃদ্ধির জন্য একটি পরিবেশ তৈরি করতে ও তা বজায় রাখতে আমাদের প্রচেষ্টায় অবিরাম সজাগ থাকবে।

আয়েলিন এফ. শেফার, এম.ই.ডি.

স্টেট ডিস্ট্রিক্ট সুপারিনটেনডেন্ট

প্যাটারসন পাবলিক স্কুলস

# আপনার অ্যাপস ও তাদের বিপদ সম্পর্কে জানুন!

আপনি ভাবতে পারেন যে আপনার সন্তানেরা একটি অ্যাপ ব্যবহার করছে, কারণ সেটি তাদের নিজেদের বন্ধুদের সঙ্গে যোগাযোগ রাখার একটি সহজ উপায়। এটা বেশিরভাগ শিশুদের ক্ষেত্রে সত্যি, কিন্তু দুর্ভাগ্যজনকভাবে, বেশিরভাগ অ্যাপ এর মধ্যে বিপদ লুকিয়ে থাকে।

ফেসবুক: অন্যদের পড়ার ও শেয়ার করার জন্য ব্যবহারকারীরা ফটো, ভিডিও, মন্তব্য, আপডেট ও ব্যক্তিগত তথ্য পোস্ট করেন।

ফেসবুক: ব্যক্তিগত তথ্যকে উন্মুক্ত করে তথ্য, ছবি ভিডিও অনেকের (বন্ধুদের বন্ধু) কাছে শেয়ার করা হয়

ইনস্টাগ্রাম: অন্যদের পড়ার ও শেয়ার করার জন্য ব্যবহারকারীরা ভিডিও ও ছবি পোস্ট করেন যাতে মন্তব্য সহ প্রায়শই অবস্থান দেখানো থাকে।

ইনস্টাগ্রাম: সরাসরি মেসেজের মাধ্যমে অসঙ্গত ছবি পাঠানো যায় এতে যে কোনো কাউকে সরাসরি মেসেজ পাঠানো যায়।

টুইটার: ব্যবহারকারীরা সেই সংক্ষিপ্ত মেসেজ, ছবি ও ভিডিওগুলি পড়তে ও পাঠাতে পারে যেগুলিকে "টুইট" বলা হয়।

টুইটার: সাইটে নগ্ন ও খোলামেলা যৌনতাসংক্রান্ত স্পষ্ট বিষয়বস্তুর অনুমতি দেয়। প্রায়শই হুমকি দিতে/ঘৃণাপূর্ণ বার্তা পাঠাতে ব্যবহৃত হয়।

স্ন্যাপচ্যাট: শিশুদের দ্বারা সবচেয়ে বেশি ব্যবহৃত অ্যাপ, সম্পূর্ণ বৈশিষ্ট্যযুক্ত টেক্সট করা, ছবি, ভিডিও ও বিনোদন হিসেবে পরিগণিত।

স্ন্যাপচ্যাট: অসঙ্গত, নগ্ন, খোলামেলা ছবি/ভিডিও যৌন বার্তা পাঠানোয় উৎসাহ দেয়।

হোয়াটসঅ্যাপ: ব্যবহারকারীরা সেলুলার ডেটা ব্যবহার না করেই টেক্সট, নথি, ছবি, ভিডিও, ব্যবহারকারীর অবস্থান ও অডিও মেসেজ পাঠায়।

হোয়াটসঅ্যাপ: একটি প্রধান অ্যাপ যা সেলুলার টেক্সট প্ল্যান ব্যবহার না করে "মানুষকে না জানিয়ে" টেক্সট, ছবি, ভিডিও পাঠায়।

ব্লেন্ডর: ইচ্ছামতো নতুন সম্পর্ক গড়ে তুলতে নতুন লোকেদের সঙ্গে ফটো, ভিডিও ও মেসেজ আদানপ্রদান করা হয়।

ব্লেন্ডর: এই অ্যাপ এর স্লোগান হল "চ্যাট করুন, প্রেমবিলাস ও নতুন লোকের সঙ্গে দেখা করুন", যৌনতায় উৎসাহ দেয়।

কিক: তাৎক্ষণিক মেসেজ পাঠানোর অ্যাপ যেটি যে কোনো কাউকে যে কোনো স্মার্ট বা ওয়াইফাই ডিভাইসে ছবি, ভিডিও ও স্কেচ পাঠানো যেতে পারে।

কিক: অপরিচিতদের টেক্সট, ছবি ও ভিডিও পাঠানো হয়। শুধু ফোনে নয়, যে কোনো ওয়াইফাই ডিভাইসে কাজ করে। শিশুদের যৌন শোষণের সঙ্গে যুক্ত।

ওমেগল: ব্যবহারকারীদের ইচ্ছামতো চ্যাট ও "ভিডিও ক্যাম" করার সুযোগ ও উৎসাহ দেয়।

ওমেগল: এই অ্যাপ এর স্লোগান হল "অপরিচিতদের সঙ্গে কথা বলুন!", যা শিশুদের যৌন শোষণের সাথে সম্পর্কিত।

মিউজিক্যাল.লি: সংক্ষিপ্ত মিউজিক ভিডিওগুলি যাতে ব্যবহারকারীরা ক্যামেরার সামনে ঠোঁট নাড়াতে পারে, যেগুলি পোস্ট করা হয়, তাতে মন্তব্য জোড়া হয় ও সেভ করা হয়।

মিউজিক্যাল.লি: প্রকাশ্য সেটিংস সবাই দেখতে পায় এমন ভিডিও, খোলামেলা গানের কথা, ইঙ্গিতপূর্ণ নাচ, নগ্নতা ও খোলামেলা যৌন বিষয়বস্তু প্রকাশ করে।

ঈকইয়াক: ব্যবহারকারীদের 200 ক্যারেক্টার পর্যন্ত পোস্ট করার সুযোগ দেয়। মেসেজগুলি জিপিএস ট্র্যাকিং দ্বারা নির্ধারিত 500 নিকটতম ইয়াকাররা দেখতে পায়।

ঈকইয়াক: ব্যবহারকারীরা খোলামেলা যৌনতাসংক্রান্ত স্পষ্ট বিষয়বস্তু, অবমাননাকর ভাষা ও ব্যক্তিগত আক্রমণের সংস্পর্শে আসে ও তাতে অবদান রাখে।

হুইস্পার: একটি নামবিহীন স্বীকারোক্তির অ্যাপ। এতে ব্যবহারকারীকে তাদের চিন্তাভাবনা নামবিহীনভাবে শেয়ার করতে একটি ছবির উপরে টেক্সট স্থাপন করার সুযোগ দেয়।

হুইস্পার: নামবিহীন হওয়ার ফলে বাচ্চারা অন্য কোনো বাচ্চার ছবির উপরে অবমাননাকর টেক্সট স্থাপন করে ছবি পোস্ট করতে পারে।

আস্ক.এফএম: যদৃচ্ছকৃতভাবে নামবিহীন প্রশ্ন করুন ও উত্তর দিন।

আস্ক.এফএম: হতাশাজনক মেসেজ পাঠাতে ব্যবহৃত হয়, যার সঙ্গে সাধারণভাবে সাইবার মস্তানি ও অসঙ্গত বিষয়বস্তুর যোগ থাকে।

টিন্ডার: চ্যাট ভাষ্য সহ কাছাকাছির মধ্যে মিল বাতলানোর জিপিএস অবস্থান সহ ডেটিং ও রোমান্স অ্যাপ।

টিন্ডার: সাময়িক রোমান্সের জন্য পরস্পরকে খোঁজার ও মেসেজ পাঠানোর শুধুমাত্র প্রাপ্তবয়স্কদের জন্য অ্যাপ। সঠিক অবস্থান দেখায়!

বাম্বল: অনলাইন ডেটিং ও রোমান্স অ্যাপ যা ব্যবহারকারীদের কাছাকাছির মধ্যে থাকা অন্যদের সঙ্গে মিল করাতে জিপিএস অবস্থান ব্যবহার করে।

বাম্বল: যদৃচ্ছভাবে ব্যক্তি আপনাকে খুঁজে পেতে ও মেসেজ পাঠাতে পারবেন। আপনি কোথায় আছেন তা সর্বক্ষণ দেখাতে থাকে।

ডাউন: ব্যবহারকারীরা তাদের ফেসবুকের বন্ধুদের শ্রেণীবিভক্ত করতে পারেন। এগুলি ইঙ্গিত দেয় যে কোনো বন্ধু এমন কেউ কিনা যার সঙ্গে তারা গল্পগুজব করতে চায় বা যার সঙ্গে তারা ডেট করতে চায়।

ডাউন: যদিও আপনি কারুর সঙ্গে ডেট করতে চান বলে চিহ্নিত করার অর্থ আপনি সত্যিই তা করবেন এমন নয়, এটি একটি সমকক্ষ দলের মধ্যে যৌনতার একটি নিয়ম তৈরি করে।

ভল্টি: গোপনীয় মিডিয়া গ্যালারি, ছবি ও ভিডিও ফাইল মজুত করার অ্যাপ যা শুধুমাত্র ব্যবহারকারীকে পিন কোড দিয়ে প্রবেশ ব্লক/লক করতে দেয়।.

ভল্টি: এর উদ্দেশ্য পিতামাতার দৃষ্টি থেকে নগ্ন/যৌন ছবিগুলিকে লুকিয়ে রাখা। যিনি ব্যবহারকারী নন এমন ব্যক্তির প্রবেশ প্রতিরোধ করে।

ক্যালকুলেটর%: কোনো ফোন বা ওয়াইফাই ডিভাইসে একটি ক্যালকুলেটর অ্যাপ হিসেবে দেখা যায়, কিন্তু এটি আসলে মিডিয়া মজুত করে (ভল্টি এর মতো)

ক্যালকুলেটর%: এটি একটি ছদ্মবেশী অ্যাপ! পিতামাতাদের থেকে লুকোনো নগ্ন/যৌন ছবি মজুত করতে ব্যবহৃত হয়।

ভেনমো: অনলাইন অর্থপ্রদান পদ্ধতি ও অর্থ হস্তান্তরের অ্যাপ, যাকে ক্রেডিট কার্ড বা ব্যাংক অ্যাকাউন্টের সঙ্গে সংযুক্ত করা যায়

ভেনমো: অর্থ হস্তান্তরের অ্যাপ যেটি পেপ্যাল এর মতো সুরক্ষা প্রদান করে না এবং জালিয়াতিতে ব্যবহার করা হয়

# যৌন বার্তা পাঠানো কাকে বলে?

যৌন বার্তা পাঠানো হল কোনো ব্যক্তির অশ্লীল, পর্নোগ্রাফিক, নোংরা বা নগ্ন ছবি, ফটোগ্রাফ বা ভিডিও গ্রহণ, প্রচার, হস্তান্তর বা শেয়ার করা। নাবালক বয়সীদের মধ্যে যৌন বার্তা পাঠানোর মানে হল শিশু পর্নোগ্রাফি এবং তা প্যাটারসন পাবলিক স্কুলের নীতির বিরোধী। শিক্ষার্থীদের মধ্যে যৌন বার্তা পাঠানো পিপিএস শিক্ষার্থী আচরণবিধি (PPS Student Code of Conduct) এর অধীনে দ্বিতীয় শ্রেণীর অপরাধ বলে বিবেচিত হয়।

# যৌন বার্তা পাঠানোর শাস্তি

NJ স্টেট আইনের অধীনে নাবালক বয়সীদের এই প্রকারের ছবি বা ভিডিও শিশু পর্নোগ্রাফি বলে বিবেচিত হয়। এই অপরাধে দণ্ডাদেশের ফলে গ্রেপ্তারী, ফৌজদারি মামলা, মেয়াদী কারাদণ্ড, $150,000 পর্যন্ত জরিমানা এবং যৌন অপরাধীদের রেজিস্ট্রিতে সারাজীবনের জন্যে অন্তর্ভুক্তি হতে পারে। শিক্ষার্থীদের আচরণবিধিতে এবং/অথবা একটি IEP দ্বারা চিহ্নিত শিক্ষার্থীদের জন্য শিশু অধ্যয়ন দল (Child Study Team) এর সম্ভাব্য বৈঠকে নির্ধারণ করা শাস্তিমূলক পদ্ধতি অনুসারে নাবালক বয়সীদের সঙ্গে বা তাদের "যৌন বার্তা পাঠানো"-তে অংশগ্রহণকারী যে কোনো ব্যক্তি স্কুল ডিসট্রিক্টের শর্তাধীন হবে; এবং আইন বলবৎকরণ এবং/অথবা অন্য কোনো উপযুক্ত স্টেট বা যুক্তরাষ্ট্রীয় সংস্থার কাছে জানানো হবে।

কিশোরবয়সীদের জড়িত থাকা যৌন বার্তা পাঠানোর ক্ষেত্রে NJ একটি এই আইনের অধীনে একটি বিধান প্রণয়ন করেছে যার দ্বারা একজন বিচারক একজন কিশোরবয়সীকে শিশু পর্নোগ্রাফির জন্য ফৌজদারি মামলার বদলে একটি শিক্ষামূলক কার্যক্রম বা কাউন্সেলিং-এ অংশগ্রহণের আদেশ দিতে পারেন। সাধারণভাবে, যৌন বার্তা পাঠাতে গিয়ে ধরা পড়া নাবালক বয়সীদের আদালতের সুপারিশ করা স্টেট প্রযোজিত কার্যক্রমে উপস্থিত থাকতে হবে যেখানে যৌন বার্তা পাঠানোর সঙ্গে জড়িত সম্ভাব্য স্টেট ও যুক্তরাষ্ট্রীয় আইনি পরিণাম ও শাস্তিসমূহ সম্পর্কে সে জানতে পারবে। 18 বছরের বেশি বয়সী ব্যক্তি বা আগে এই জাতীয় অপরাধ করা কিশোরবয়সীরা এই শিক্ষামূলক কার্যক্রমের যোগ্য হবে না।



# সামাজিক সুরক্ষা

**ধরে নিন যে প্রত্যেকের আপনার প্রোফাইলে প্রবেশাধিকার রয়েছে**

পিতামাতা, শিক্ষকগণ, ভবিষ্যৎ নিয়োগকর্তাগণ ও আইন বলবৎকারীগণ, প্রমুখ।

**আপনার নিজের প্রোফাইলে ছবি ও বিষয়বস্তু রাখার সময় বিচক্ষণতা প্রয়োগ করুন**

বন্ধুরা একটি ছবিকে মজাদার ভাবতে পারে, কিন্তু ভাবুন যে আপনার পিতামাতা বা ভবিষ্যৎ নিয়োগকর্তা কী ভাববেন।

**ধরে নিন যে লোকে আপনার ক্ষতি করতে আপনার প্রোফাইলের তথ্য ব্যবহার করবে**

অনলাইনে এমন কোনোকিছু রাখবেন না যা আপনি আপনার পরম শত্রুকে জানতে দিতে চান না।

**ধরে নিন যে আপনাকে খুঁজতে শিকারিরা ঘুরে বেড়াচ্ছে**

শিকারির মতো করে ভাবুন। আপনার প্রোফাইলে থাকা কোন কোন তথ্য আপনি কে, কোথায় আড্ডা দেন ও কোথায় বাস করেন তা চিহ্নিত করে?

**আপনাকে আপনার প্রোফাইলে অসঙ্গত বিষয়বস্তু থাকার জন্য দায়ী করা হতে পারে**

যৌন বার্তা পাঠানো ও মস্তানি সংক্রান্ত প্যাটারসন স্কুলের নীতি ডিসট্রিক্টকে অনলাইন আচরণের জন্য শাস্তি দেওয়ার সুযোগ দেয়।

## কিশোরবয়সীদের জন্য শীর্ষ 5-এর তালিকা

1. অসঙ্গত ছবির যে কোনো অনুরোধ উপেক্ষা করুন বা একেবারে প্রত্যাখ্যান করুন।
2. সেই ব্যক্তিদের ব্লক করে দিন যাদের কথাবার্তা আপনাকে অস্বস্তিতে ফেলছে।
3. কখনো খোলামেলা ছবি বা ভিডিও বিতরণ বা শেয়ার করবেন না।
4. কেউ আপনাকে অসঙ্গত ছবির অনুরোধ করলে বা পাঠালে আপনার পিতামাতা বা আপনি বিশ্বাস করেন এমন কোনো প্রাপ্তবয়সীকে জানান।
5. আপনার ফোন বা ডিভাইসটিকে সরাসরি আপনার পিতা/মাতার হাতে দিন এবং তাদেরকে পুলিশ বিভাগের সঙ্গে যোগাযোগ করতে দিন।

# কিশোরবয়সীদের

# যৌন বার্তা পাঠানো সংক্রান্ত সত্য

## কিশোরবয়সীরা কেন যৌন বার্তা পাঠায়?

KidsHealth.org অনুসারে, অনেক মেয়েই যৌন বার্তা পাঠানোকে মজা করা, মনোযোগ আকর্ষণ করা হিসেবে দেখে বা সতীর্থদের চাপের কারণে করে। ছেলেরা কোনো কোনো সময় "বন্ধুদের চাপ"কে দায়ী করে। কিন্তু কয়েকজনের ক্ষেত্রে এটা একরকম স্বাভাবিক আচরণ, প্রেমবিলানো, আকর্ষণীয় হিসাবে দেখানোর অথবা জনপ্রিয় হওয়ার উপায়। এটা সাধারণ টেক্সট মেসেজের আদানপ্রদান দিয়ে শুরু হতে পারে যা বাড়তে বাড়তে যৌনতা সংক্রান্ত অসঙ্গত কথাবার্তায় গিয়ে দাঁড়ায় এবং কিশোরবয়সীদের মধ্যে আদানপ্রদান হওয়া উক্তিগুলি মামলা দায়ের করার যোগ্য নয়, এর থেকে অন্যান্য কাজকর্মের সূচনা হতে পারে, যেমন, এমন ছবির আদানপ্রদান যার জন্য মামলায় দায়ের করা যায়। তরুণদের খানিক শক্তিবৃদ্ধি ঘটে যখন নামকরা ব্যক্তিদের অশ্লীল ছবি ও ভিডিও মামুলি হিসাবে বিবেচিত হয় এবং পরিণামে, পেশা নষ্ট বা মানহানি হওয়ার বদলে আরও বেশি খ্যাতি ও রিয়েলিটি টিভি শো প্রাপ্ত হয়।

## যৌন বার্তা পাঠানো এতটা বিপজ্জনক কেন?

আপনি অন্যায় কিছু করলে সাধারণভাবে তার কারণ হল এই যে আপনি সেগুলির পরিণাম ও শাখাপ্রশাখা বিস্তার সম্পর্কে কিছু জানেন না। এটা যৌন বার্তা পাঠানো সম্পর্কেও সত্যি। যখন কোনো তরুণ ব্যক্তি একটি নগ্ন বা অর্ধনগ্ন ফটো ও খোলামেলা যৌন মেসেজ পাঠাচ্ছেন, তারা ভাবছেন যে এই মেসেজগুলি কেবল গ্রহীতার দেখার জন্যেই। এটা সবসময় সত্যি নয়। প্রায়শই, যখন কোনো সম্পর্ক ভেঙে যায়, তখন দুজনের একজন বা উভয়েই তার প্রাক্তনকে আঘাত করার চেষ্টা করেন। অনেক তরুণের পরস্পরকে আঘাত করার একটি উপায় হল যখন সম্পর্ক ভালো ছিল তখন পাঠানো কোনো যৌন বার্তা ব্যবহার করা। তরুণরা এই ধরণের খোলামেলা যৌন ফটো ও মেসেজ সহপাঠীদের পাঠাতে বা ইন্টারনেটে পোস্ট করতে পারে।

অনেক তরুণ একথা বোঝেই না যে একবার কোনোকিছু ইন্টারনেটে চলে গেলে সেই ছবিগুলি চিরকালের মতো সেখানে থেকে যায়; **ইন্টারনেটের তথ্য চিরকালের মতো সেখানে থেকে যায়।** তরুণরা যৌন বার্তা পাঠানোর সময় এসব কথা চিন্তা করে না। সম্পর্ক থাকাকালীন তাদের মধ্যে যথেষ্ট আস্থা থাকতে পারে, যা তাদের মধ্যে এই বোধ জাগায় যে এরকম মেসেজ পাঠানোর মধ্যে বিপদের কিছু নেই। এইসব মেসেজ প্রকাশ্যে এলে তা প্রেরককে যথেষ্ট বিব্রত করতে পারে এবং যার দীর্ঘস্থায়ী প্রভাব থাকতে পারে।

নীচের ইমোজিগুলি যৌন বার্তা পাঠানোর উদ্দেশ্যে ব্যবহার করা হতে পারে:




# প্যাটারসনের মস্তানি-প্রতিরোধী কার্যক্রম




প্যাটারসন পাবলিক স্কুলস হয়রানি, ভীতি-প্রদর্শন বা মস্তানি (HIB)-মুক্ত নিরাপদ, যত্নশীল ও সুশৃঙ্খল স্কুল রক্ষণাবেক্ষণকে ডিসট্রিক্টের অগ্রাধিকার হিসেবে ধার্য করেছে। স্কুলে, স্কুলের বাইরের প্রাঙ্গণে ও সাইবার-মস্তানি অথবা টেক্সট মেসেজ বা সামাজিক মাধ্যমের সাইটের মতো "বৈদ্যুতিন যোগাযোগে" শিক্ষার্থীদের উপর HIB এর ঘটনার ক্ষেত্রে প্রতিরোধের, রিপোর্ট করার, তদন্ত করার ও জবাব দেওয়ার প্রমিত মান ও প্রণালীসমূহকে শক্তিশালী করতে NJ মস্তানি-প্রতিরোধী অধিকারের বিল (NJ Anti-Bullying Bill of Rights) অনুসারে নীতিসমূহ প্রস্তুত করা হয়েছে।

যেহেতু শিক্ষার্থীরা উদাহরণ থেকে শেখে, স্কুলের প্রশাসক, শিক্ষক, কর্মীবৃন্দ ও স্বেচ্ছাসেবীগণের সকলেই স্বীকার করেন যে আমাদের উপর আমাদের স্কুল ডিসট্রিক্টের সকল শিশুর সুস্থতা রক্ষা করার জন্য জনগণের আস্থা ও বিশ্বাস রয়েছে। আমরা আমাদের শিক্ষার্থীদেরকে জানাতে চাই যে বৈচিত্র্য মূল্যবান এবং নির্দিষ্ট ধারণা আঁকড়ে থাকা ও হয়রানি গ্রহণযোগ্য আচরণ নয়। আমাদের শিক্ষার্থী ও কর্মীদেরকে যে কোনো প্রকারের হয়রানিমূলক কাজ প্রতিরোধ করতে একত্রে কাজ করায় দৃঢ়ভাবে উৎসাহ দেওয়া হয়।




আমাদের ডিসট্রিক্টের সকল কর্মীকে আমাদের মস্তানিসংক্রান্ত নীতির উপর প্রশিক্ষণ দেওয়া হয়েছে। কোনো শিক্ষার্থীর যদি মনে হয় যে তার উপর HIB হয়েছে, তাকে কোনো শিক্ষকের, স্কুল প্রিন্সিপালের বা স্কুলের মনোনীত মস্তানি-প্রতিরোধ বিশেষজ্ঞের কাছে রিপোর্ট করতে উৎসাহ দেওয়া হচ্ছে। পিতামাতা ও শিক্ষার্থীরা নামবিহীনভাবে http://Paterson.k12.nj.us-এ গিয়ে এবং হোম পেজের বাঁদিকের নীচের মস্তানি প্রতিরোধ কার্যক্রম (Anti-Bullying Program) লিংকে ক্লিক করেও রিপোর্ট করতে পারেন। **অথবা আপনি ডিসট্রিক্ট মস্তানিসংক্রান্ত প্রতিরোধ সমন্বায়ক (District Anti-Bullying Coordinator), মিঃ টি.জে.বেস্ট (Mr. T.J. Best)-কে 973-321-2404 নম্বরে ফোন করতে পারেন।** ডিসট্রিক্ট এধরনের যে কোনো রিপোর্টের দ্রুত অনুসরণ করতে অঙ্গীকারবদ্ধ এবং এর পূর্ণ তদন্ত করা হবে।

যেমনটা স্টেটের বুলিয়িং কমিশন (Bullying Commission) দ্বারা প্রকাশ করা হয়েছে: "মস্তানি ও সতীর্থদের হয়রানি স্কুলের আবহাওয়ার ওপর নির্ভর করে।" এদিক থেকে ডিসট্রিক্ট স্টেটের মস্তানিসংক্রান্ত-প্রতিরোধী অধিকারের বিল (Anti-Bullying Bill of Rights - ABR)-এ প্রদত্ত রূপরেখার রীতি রূপায়নে খুব আক্রমণাত্মক পদক্ষেপ নিয়েছে। এই পদক্ষেপগুলি "স্কুলের মধ্যে চলমান, পদ্ধতিগত প্রক্রিয়া ও রীতিসমূহের উপর মনোযোগ দেওয়ার মাধ্যমে স্কুলের একটি ইতিবাচক আবহাওয়া তৈরি ও লালনপালন করতে এবং বজায় রাখতে এবং হয়রানি, ভীতি-প্রদর্শন ও মস্তানি (HIB)-র মতো স্কুলের আবহাওয়ার সমস্যাগুলির সমাধানে" আমাদের প্রচেষ্টায় অপরিহার্য।

ডিসট্রিক্ট নিখুঁতভাবে HIB এর তদন্তগুলি অনুসরণ করতে ও স্টেটের রিপোর্ট করার সময়সীমা মেনে চলা নিশ্চিত করতে একটি কাগজপত্র ব্যতীত অনলাইন রিপোর্ট করার ব্যবস্থা কাজে লাগিয়ে চলেছে। উপরের চার্টটিতে আইন তৈরি হওয়ার পরে প্যাটারসনের যাবতীয় রিপোর্ট করা ও নিশ্চিত হওয়া HIB এর কেস দেখা যাচ্ছে। কয়েক বছর ধরে আইনটিকে পুরোপুরি বোঝার ও সকল কর্মী সদস্যকে প্রশিক্ষণ দেওয়ার পর ডিসট্রিক্ট 2014 সালে অভিজ্ঞতার উল্লেখযোগ্য অংশে পৌঁছায়। এখন রিপোর্ট করা ও নিশ্চিত হওয়া HIB এর কেস, উভয়ের সংখ্যাই আমরা কমতে দেখছি, যা HIB সম্পর্কে আরও ভালো প্রশিক্ষণ ও স্কুলের উন্নততর সংস্কৃতির প্রত্যক্ষ ফল।

# সাইবার মস্তানি

সোশ্যাল মিডিয়া মস্তানদের কাছে নতুন স্কুল প্রাঙ্গণ হয়ে দাঁড়িয়েছে

**বিপজ্জনক সতর্কতাসমূহ যে একজন শিশু সাইবার মস্তানিতে জড়িত থাকতে পারে !**




## সাবধান!

### একটি শিশু সাইবার মস্তানির লক্ষ্যবস্তু হতে পারে যদি:

- অপ্রত্যাশিতভাবে তাদের ডিভাইস(গুলি) ব্যবহার করা বন্ধ করে দেয়
- তাদের ডিভাইস(গুলি) ব্যবহার করার সময় বিচলিত বা উত্তেজিত লাগে
- সাধারণভাবে স্কুলে যাওয়া বা বাইরে বেরোনো সম্পর্কে অস্বচ্ছন্দ মনে হয়
- অনলাইনে যাওয়ার পর (গেম খেলা সহ) ক্রুদ্ধ, অবসাদগ্রস্ত বা হতাশ মনে হয়
- বেশি ঘুমোয় বা যথেষ্ট ঘুম না হয়
- সাধারণ বন্ধুদের ও পরিবারের সদস্যদের থেকে অস্বাভাবিভাবে সরে আসে
- খাওয়া বেড়ে যাওয়া বা কমে যাওয়া দেখা দেয়
- নিয়মিত অবসাদগ্রস্ত দেখায়
- আত্মহত্যা বা জীবনের অসারতা সম্পর্কে ব্যক্তিগত মন্তব্য করে
- তাদের কাছে সবচেয়ে জরুরি জিনিসগুলির প্রতি আগ্রহ হারিয়ে ফেলে
- তারা অনলাইনে কী করছে সেসম্পর্কে আলোচনা এড়িয়ে চলে
- ঘন ঘন স্কুল থেকে অসুস্থ বলে বাড়ি যাওয়ার অনুরোধ করে ফোন করে বা টেক্সট করে
- সতীর্থদের বদলে পিতামাতার সঙ্গে বেশিরভাগ সময় কাটাতে চায়
- অস্বাভাবিকভাবে লুকোছাপা করে, বিশেষ করে অনলাইন কার্যকলাপের ক্ষেত্রে




## সতর্কতা!

### আপনার সন্তান হয়তো অন্যদের উপর সাইবার মস্তানি করছে, যদি:


- আপনি কাছাকাছি থাকলে দ্রুত স্ক্রীন বদলায় বা তাদের ডিভাইস লুকিয়ে ফেলে
- রাতে যে কোনো সময় তাদের ডিভাইস(গুলি) ব্যবহার করে
- তাদের ডিভাইস(গুলি) ব্যবহার করতে না পারলে অস্বাভাবিকরকম বিপর্যস্ত হয়ে পড়ে
- তাদের ডিভাইস(গুলি) ব্যবহার করার সময় বেজায় হাসতে থাকে এবং এত হাসির কী আছে তা আপনাকে না দেখায়
- তারা অনলাইনে কী করছে সেসম্পর্কে আলোচনা এড়িয়ে চলে
- একাধিক অনলাইন অ্যাকাউন্ট বা তাদের নয় এমন অ্যাকাউন্ট ব্যবহার করছে বলে মনে হয়
- স্কুলে বা অন্যত্রও বর্ধিত আচরণগত সমস্যা প্রকাশ পাচ্ছে
- কোনো বিশেষ সামাজিক চক্রে জনপ্রিয়তা বা উপস্থিতির সম্পর্কে অত্যধিক চিন্তিত দেখায়
- অন্য কিশোরবয়সীদের প্রতি অনুভূতিশূন্যতা বা কঠোরতা প্রদর্শন করে
- "ভুলভাল" মানুষজনের সঙ্গে গল্পগুজব করতে শুরু করে
- হিংসাত্মক প্রবণতা প্রদর্শন করে
- তাদের প্রযুক্তিগত দক্ষতা ও সামর্থ্যের জন্য অত্যধিক অহমিকা দেখায়
- পরিবারের থেকে ক্রমবর্ধমানভাবে ছাড়া ছাড়া বা বিচ্ছিন্ন থাকে

### আপনার সন্তানের উপর সাইবার মস্তানি হলে কী করবেন:

- আপনার সন্তানের সুরক্ষিত থাকা (ও বোধ করা) নিশ্চিত করুন
- আপনার সন্তানের সঙ্গে কথা বলুন ও তার কথা শুনুন
- ডিভাইসটি নিয়ে নিন
- স্কুলের সঙ্গে কাজ করুন
- মস্তানের পিতামাতার সঙ্গে যোগাযোগ করা থেকে বিরত থাকুন
- বিষয়বস্তু প্রদানকারীর সঙ্গে যোগাযোগ করুন
- শারীরিক হুমকি দেওয়া হলে পুলিশের সঙ্গে যোগাযোগ করুন
- প্রয়োজনে কাউন্সেলিং চান

# সাইবার মস্তানির প্রতিক্রিয়াসমূহ

সাইবার মস্তানি একটি অপেক্ষাকৃত নতুন ব্যাপার হলেও এর পরিণামগুলি সুদূরপ্রসারী এবং ফেসবুক, স্ন্যাপচ্যাট, টুইটার, ইত্যাদি অ্যাপগুলি আসার ফলে এর প্রাদুর্ভাব আরও বেড়ে চলেছে। Kidshealth.com জানিয়েছে যে সারা দেশে প্রতিদিন 150,000 বাচ্চা স্কুলে না গিয়ে বাড়িতে থাকে, মস্তানির কারণে এর শিকাররা মনস্তাত্বিক ও মানসিক ক্ষতি, গুরুতর অবসাদ, দুশ্চিন্তা, রাগ বা এমনকি আত্মহত্যা-প্রবণ আচরণও অনুভব করতে পারে। PPS মস্তানির যাবতীয় রিপোর্টের তদন্ত করে এবং অভিযোগগুলিকে যথেষ্ট গুরুত্ব সহকারে দেখে। NJ স্টেটের আইনানুসারে সাইবার মস্তানি হল সাইবার হয়রানি জাতীয় অপরাধ। পিতামাতারা স্থানীয় থানায় অভিযোগ করার কাজের  বিষয়ে জানাতে পারেন।




**সাইবার মস্তানির প্রকারগুলির মধ্যে পড়ে:**

**অকথ্যমূলক:** কাউকে আক্রমণ করা বা কারুর সঙ্গে লড়াই করার জন্য অসঙ্গত ও অভদ্র ভাষার প্রয়োগ।


**হয়রানিমূলক:** বারংবার অসঙ্গত, হতাশাজনক বা ঘৃণ্য মেসেজ পাঠানো।

**ছদ্ম পরিচয়:** কোনও ব্যক্তির সুনাম ক্ষুণ্ণ করার, আক্রমণের আমন্ত্রণ জানানোর অথবা তাদের সম্পর্কে সঠিক বা বানানো তথ্য শেয়ার করার উদ্দেশ্যে কোনও ব্যক্তির ছদ্ম পরিচয় ধারণ করা।

**প্রকাশ করা:** একটি প্রকাশ্য স্থানে শিকারের গোপন বা ব্যক্তিগত তথ্য শেয়ার করা।

**বহিষ্কার:** ইচ্ছাকৃত ও প্রকাশ্যভাবে কাউকে কোনো গোষ্ঠী থেকে বহিষ্কার করা ও বহিষ্কারের পর তাদেরকে নির্যাতন করা।

**পিছু নেওয়া:** কাউকে বৈদ্যুতিন উপায়ে “অনুসরণ করা” এবং তাদেরকে লক্ষ্যবস্তু করে চমকে দেওয়ার, ক্ষতি করার বা ভীতি-প্রদর্শন করার উদ্দেশ্যে মেসেজ পাঠানো।




কোনো ঘটনার রিপোর্ট করতে: www.paterson.k12.nj.us-এ PPS হোমপেজে যান এবং পেজের একেবারে নীচে “Anti-Bullying Program”-এ ক্লিক করুন। “Report Bullying”-এ পেজের ডানদিকের আইকনে ক্লিক করুন।

HIBster
Harassment, Intimidation, & Bullying

HIB এর সংজ্ঞা পড়ুন, “Continue”-এ ক্লিক করুন এবং আপনার যোগাযোগের তথ্য সহ প্রতিটি ট্যাবের বিবরণ পূরণ করুন এবং হয়ে গেলে “Submit”-এ ক্লিক করুন অথবা কেবল 973-321-2404 নম্বরে ফোন করুন।

# মস্তানির তদন্তকারী ফ্লো-চার্ট প্রক্রিয়া

| | |
|---|---|
| **ধাপ 1** | **ধাপ 2** |
| কোনো ব্যক্তি, যিনি কোনো HIB এর ঘটনা প্রত্যক্ষ করেছেন বা অনুভব করছেন, তিনি স্কুল ডিসট্রিক্টের ওয়েবসাইটের HIBster লিংক মারফৎ নামবিহীনভাবে ঘটনাটি রিপোর্ট করতে পারেন। | স্কুলের কর্মী সদস্যদেরকে আইনতঃ HIB এর যাবতীয় ঘটনা ঘটনার দিনে স্কুলের প্রিন্সিপালের কাছে মৌখিকভাবে জানাতে হবেএবং দু (2) দিনের মধ্যে অনলাইনে ঘটনার রিপোর্ট পূরণ করতে হবে। |
| **ধাপ 3** | **ধাপ 4** |
| ঘটনার রিপোর্ট পাওয়ার এক (1) দিনের মধ্যে প্রিন্সিপালের একজন মস্তানিসংক্রান্ত-প্রতিরোধ বিশেষজ্ঞ (Anti-Bullying Specialist - ABS)-কে তদন্তভার দেওয়া এবং জড়িত সকল শিক্ষার্থীর পিতামাতা বা অভিভাবককে জানানো আবশ্যক। | ABS এর দশটি (10) স্কুল-দিবসের মধ্যে তদন্ত সম্পূর্ণ করা ও ফলাফল প্রিন্সিপালের কাছে জমা দেওয়া আবশ্যক। |
| **ধাপ 5** | **ধাপ 6** |
| সরকারিভাবে ব্যবস্থা নিতে প্রিন্সিপাল ফলাফল(গুলি) পর্যালোচনা করবেন এবং সহকারী সুপারিন্টেনডেন্টের কাছে দু (2) দিনের মধ্যে সুপারিশ করবেন, যেটির মধ্যে পড়তে পারে: হস্তক্ষেপ পরিষেবা, প্রশিক্ষণ কার্যক্রম, শাস্তি, কাউন্সেলিং বা অন্য কোনো উপযুক্ত ব্যবস্থা। | মস্তানিসংক্রান্ত-প্রতিরোধ সমন্বায়ক (ABC) যাবতীয় ঘটনা বা HIB এবং শিক্ষা পর্ষদের (Board of Education’s) নিয়মিত বৈঠকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে রিপোর্ট করবেন, যাদের গৃহীত ব্যবস্থাকে নিশ্চিত, প্রত্যাখ্যান বা পরিবর্তন করতে ভোট দেওয়া আবশ্যক। |
| **ধাপ 7** | **ধাপ 8** |
| শিক্ষা বোর্ডের বৈঠকের পাঁচ (5) দিনের মধ্যে পিতামাতাদেরকে, তাদের নিজের নিজের সন্তানের জন্য, তদন্তের ফলাফল ও গৃহীত ব্যবস্থা সম্পর্কে লিখিতভাবে জানানো হবে। | পিতামাতাগণ শিক্ষা বোর্ডের সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল করতে শিক্ষা বোর্ডের কার্যনির্বাহী সেশনে একটি শুনানির অনুরোধ করার অধিকার রয়েছে। বোর্ড এরপর পরবর্তী নিয়মিত বৈঠকে পিতামাতার অনুরোধটির পুনর্বিবেচনা করবে এবং একটি লিখিত সিদ্ধান্ত জারি করবে। |
| **ধাপ 9** | **ধাপ 10** |
| যে সকল পিতামাতা তাতেও বোর্ডের সিদ্ধান্তে সন্তুষ্ট না হয়ে থাকেন তবে সেই সিদ্ধান্তের বিরুদ্ধে NJ শিক্ষা কমিশনার (NJ Commissioner of Education) এর কাছে আপীল করতে পারেন যিনি এটিকে নিশ্চিত, প্রত্যাখ্যান, পরিবর্তন করবেন বা NJ প্রশাসনিক আদালত (NJ Administrative Courts) এর কাছে প্রেরণ করবেন। | NJ প্রশাসনিক আদালতের বিচারক যে কোনো আপীলের ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন। |

*প্যাটারসন শিক্ষা বোর্ড যৌন বার্তা পাঠানো ও সাইবার মস্তানিবিষয়ক কার্যনির্বাহী দলকে কিছু বিষয়বস্তু ব্যবহারের উদ্দেশ্যে এই নথিটি ও MMA তৈরি করার জন্য ধন্যবাদ জানাচ্ছে।*




**<u>যৌন বার্তা পাঠানো ও সাইবার মস্তানি বিষয়ক কার্যনির্বাহী দলের সদস্যবৃন্দ</u>**

**পামেলা এম. পাওয়েল, চেয়ারপার্সন**
**থিওডোর "টিজে" বেস্ট, কো-চেয়ারপার্সন**
**রেনি ম্যাকমিলান, কো-চেয়ারপার্সন**

| | | |
|---|---|---|
| অ্যানা অ্যাডামস | জর্জ গারবেক | মায়রা মারিন |
| পিটার অ্যাফিনিটো | তানিয়া গ্রীন | ডবলু. কেম্পার ম্যাকডাওয়েল |
| রিমা বান্দেল্লি | টিয়েশিয়া হিলবার্ট | লরেন ওলসন |
| সাইলিস কাব্রাল | ভার্জিনিয়া জ্যাকসন | হোর্থে ওসোরিয়া |
| রন্টাই কার্সওয়েল | লাভন জোন্স-ম্যাকঈচার্ন | ক্রিস্টিন পাগান |
| শেরিল কয় | ক্যাথি লেপোরে | রোক্যাল সোটো |
| শ্যারন ঈস্টন | জ্যালিন লাইড | অ্যান্টনি ট্রাইনা |